

জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
৩ দিনব্যাপী বিতর্ক  
প্রতিযোগিতা  
কাল থেকে

নিজস্ব প্রতিবেদক >

'ঐতিহ্যের বুননে রুচি পৌরবের ইতিহাস' মোগান নিয়ে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে (জবি) আগামীকাল থেকে শুরু হচ্ছে তিন দিনব্যাপী আন্তঃবিশ্ববিদ্যালয় বিতর্ক প্রতিযোগিতা। কালের কণ্ঠ শ্রুতসংঘকে সঙ্গে নিয়ে প্রথমবারের মতো এই প্রতিযোগিতাটি আয়োজন করছে জগন্নাথ বিশ্ববিদ্যালয় অ্যাকাডেমি অ্যান্ড ইনফরমেশন সিস্টেম বিভাগ ডিবেট ফোরাম। ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়সহ ৩৪টি পাবলিক ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের বিতর্কিকরা এ প্রতিযোগিতায় অংশ নেবে। আগামীকাল প্রতিযোগিতার উদ্বোধন করবেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান। ৮ জুন দুপুর ১টায় এই বিতর্ক প্রতিযোগিতার ফাইনাল ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান হবে। সহজ উটকনের পৃষ্ঠপোষকতায় এ প্রতিযোগিতার মিডিয়া পার্টনার কালের কণ্ঠ।